



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

১৯ আগস্ট ২০২২

বাউবির এসএসসি পরীক্ষা পরিদর্শনে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

আজ ১৯ আগস্ট ২০২২, শুক্রবার থেকে সারা দেশে এক যোগে শুরু হয়েছে বাউবির এসএসসি পরীক্ষা-২০২২। পরীক্ষার প্রথম দিনে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার রাজশাহী আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন রাজশাহী শহরের লোকনাথ উচ্চ বিদ্যালয়, পুঠিয়ার উপজেলার ধোকড়াকুল উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র সরেজমিনে পরিদর্শন করেন।



তিনি পরীক্ষা কক্ষের অবস্থা ও কেন্দ্রের সার্বিক পরিবেশ পর্যবেক্ষণ করেন এবং নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন।

এসময়ে তিনি বলেন, বাউবি অবহেলিত, পিছিয়েপড়া নারী, বারে পরা, ক্ষুদ্র নৃগোষ্ঠী, তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, প্রান্তিক ও দুর্গম অঞ্চলের শিক্ষার্থীদের জন্য কাজ করে যাচ্ছে। সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা এই নবতর দীক্ষা নিয়ে বাউবি বর্তমানে এগিয়ে যাচ্ছে।

উল্লেখ্য, সারা দেশে ২৭৫টি পরীক্ষা কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এ বছর পরীক্ষায় সর্বমোট ৫১ হাজার ২ শত ২৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছেন। যার মধ্যে ৩২ হাজার ৮ শত ৬০ জন পুরুষ এবং ১৮ হাজার ৩ শত ৬৮ জন নারী।

এছাড়াও বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন কুমিল্লা আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন কুমিল্লা হাই স্কুল, সুবরাতি শাহজাদী মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় এবং কুমিল্লা ইউসুফ হাই স্কুল পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

স্বাক্ষর

(ড. আ. ফ. ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)